


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
চট্টগ্রাম।

নং-১৮.১৯.০০০০.০০১.২৫.০০১.১৭-৬২০(৬)

তারিখঃ ১২/০৬/২০১৯খ্রিঃ

-ঃ বিজ্ঞপ্তি :-

এতদ্বারা নৌ-পরিবহন অধিদপ্তর হতে Seaman's Identity Card & Record Book প্রাপ্ত সরকারি সমুদ্র পরিবহন অফিসের নির্বাচিত তালিকাভুক্ত দক্ষ সুপানিউমারী ওয়েল্ডার/ফিটার এবং Hyundai Engineering & Construction Co. Ltd. এর জাহাজের সীমাবদ্ধ সিডিসি প্রাপ্ত নাবিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের অনুকূলে সিডিসি প্রদানের লক্ষ্যে নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ট্রেডের ০৩ মাস ব্যাপী রেটিং প্রশিক্ষণ কোর্স এই ইন্সটিটিউটে পরিচালিত হবে। ভর্তি ইচ্ছুক প্রার্থীদের প্রথম পর্যায়ে DOS Registration এর জন্য নির্ধারিত ফরম পূরণ করতে হবে। সেই জন্য এই ইন্সটিটিউটে যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া হলো। DOS Registration প্রাপ্ত প্রার্থীদের আগামী ২৩/০৬/২০১৯ খ্রিঃ তারিখে প্রশিক্ষণের জন্য ভর্তি করা হবে এবং ভর্তিকৃত প্রার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখে শুরু করা হবে। যথাসময়ে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের উল্লেখিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।



ক্যাপ্টেন ফয়সাল আজিম
অধ্যক্ষ।

বিতরণঃ

- ১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
(দৃঃ আঃ অতিরিক্ত সচিব, প্রশাসন)।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৩। শিপিং মাস্টার, সরকারী শিপিং অফিস, আত্রাবাদ, চট্টগ্রাম।